

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাগমারা, রাজশাহী।

স্মারক নং- SNKS/বি.এল.পি/বাগ:/রাজ/নিয়োগ বিজ্ঞপ্তি, ২০১৭/০১

তারিখ : ০৫/১২/২০১৭ ইং

নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সুপারভাইজার ও শিক্ষক নিয়োগের জন্য রাজশাহী জেলার বাগমারা উপজেলার স্থায়ী, আগ্রহী বাসিন্দাদের নিকট হইতে প্রকল্পের মেয়াদকালীন (০৬ ছয়) মাস) সময়ের জন্য আবেদন পত্র আহবান করা যাচ্ছে। উল্লেখ্য সমতা নারী কল্যাণ সংস্থা (SNKS) মাঠ পর্যায়ে বাস্তবায়ন সংস্থা হিসাবে কার্যক্রম পরিচালনা করবেন।

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	যোগ্যতা
০১	সুপারভাইজার	১৫ টি	সর্বনিম্ন এইচ,এস,সি
০২	শিক্ষক	৬০০ টি (৩০০টি পুরুষ, ৩০০ টি মহিলা)	সর্বনিম্ন এস,এস,সি

আবেদনের নিয়মাবলীঃ

- ১। আবেদন পত্র আগামী ০৫/১২/২০১৭ ইং তারিখ হইতে ২০/১২/২০১৭ ইং তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, বাগমারা, রাজশাহী ও সভাপতি উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা ও নিয়োগ কমিটি, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), বরাবর অফিস চলাকালীন সময়ে উপজেলা প্রোগ্রাম অফিসারের কার্যালয়ে (প্রাথমিক শিক্ষা অফিসের নিচ তলা) জমা দিতে হবে। আবেদন পত্রের নমুনা ফরম www.bagmara.rajshahi.gov.bd এই ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।
- ২। আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয় পত্র, সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবির সত্যায়িত কপি ও নাগরিকত্ব সনদ আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৩। আবেদন পত্রের খামের উপর পদের নাম, ওয়ার্ড নম্বর ও ইউনিয়নের নাম উল্লেখ করতে হবে।
- ৪। আবেদন পত্রে নিজ মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে এবং প্রার্থীকে মোবাইল কল/SMS এর মাধ্যমে পরীক্ষা সংক্রান্ত সকল তথ্য জানানো হবে।

সুপারভাইজার ও শিক্ষক/শিক্ষিকা নিয়োগের শর্তাবলীঃ

- ১। ইউনিয়ন ভিত্তিক নির্বাচিত কেন্দ্র সংলগ্ন এলাকা হতে যোগ্য প্রার্থী নিয়োগ দেওয়া হবে।
 - ২। যাহারা মৌলিক সাক্ষরতা প্রকল্পের সার্ভে কাজে অংশগ্রহণ করেছেন তাদের অগ্রাধিকার দেওয়া হবে।
 - ৩। সরকারী ছুটির দিন ছাড়া শিক্ষা কেন্দ্রে প্রতিদিন যথাসময়ে উপস্থিত থেকে কমপক্ষে ০২ (দুই) ঘন্টা শিক্ষা দান করতে হবে।
 - ৪। সম্মানীঃ- সুপারভাইজার-২০০০/-, যাতায়াত-৫০০/-, মোট=২৫০০/-, শিক্ষক ও শিক্ষিকা-২৪০০/- সুপারভাইজার মাসিক সম্মানী ৫০% অর্থাৎ ১০০০+৫০০= ১৫০০/- টাকা প্রদান করা হবে। এবং শিক্ষক/শিক্ষিকা মাসিক সম্মানী ৫০% অর্থাৎ ১২০০/- টাকা প্রদান করা হবে। অবশিষ্ট সম্মানী ৫০% মধ্যবর্তী ও চূড়ান্ত মূল্যায়ন সুন্দর, সুষ্ঠু ও সূচারু রূপে সম্পূর্ণ হওয়ার পর প্রদান করা হবে।
 - ৫। উপজেলা নির্বাহী অফিসার বাগমারা, রাজশাহী বরাবর ২৫/- (পঁচিশ) টাকা মূল্যের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট আবেদন পত্রের সাথে জমা দিতে হবে। সোনালী ব্যাংক চলতি হিসাব নং-৩৩০০০০৫১।
 - ৬। শিক্ষার্থীদের প্রাক যাচাই, মধ্যবর্তী ও চূড়ান্ত মূল্যায়ন করতে হবে এবং মূল্যায়ন তথ্য কেন্দ্রে সংরক্ষণ করতে হবে।
 - ৭। নিয়োগের ক্ষেত্রে নিয়োগ কমিটির সিদ্ধান্তকেই চূড়ান্ত বলে গন্য করা হবে।
- বিঃদ্রঃ কোন প্রকার শর্তের অনিয়ম হলে উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা ও নিয়োগ কমিটি কারণ দর্শানোর নোটিশ ছাড়াই সুপারভাইজার ও শিক্ষকদের নিয়োগ বাতিল করতে পারবে।

ধন্যবাদান্তে

স্বাক্ষরিত

মোঃ নজরুল ইসলাম

নির্বাহী পরিচালক

সমতা নারী কল্যাণ সংস্থা

সাগরপাড়া, রাজশাহী।

ও

সদস্য সচিব

উপজেলা উপানুষ্ঠানিক নিয়োগ কমিটি।

বরাবর,

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি, উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা ও নিয়োগ কমিটি

বাগমারা, রাজশাহী।

বিষয়ঃ পদে চাকুরীর জন্য আবেদন।

জনাব,

যথাবিহীত সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি ইং তারিখে পত্রিকার মাধ্যমে জানিতে পারিলাম আপনার অধীনে “.....” পদে কিছু সংখ্যক লোক নিয়োগ করা হইবে। আমি একজন আগ্রহী প্রার্থী হিসেবে নিজে আমার শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য তথ্যাদি আপনার সদয় বিবেচনার জন্য পেশ করিলাম।

- (ক) প্রার্থীর নাম :
- (খ) পিতার নাম :
- (গ) মাতার নাম :
- (ঘ) স্থায়ী ঠিকানা : গ্রামঃ ডাকঘরঃ
ইউনিয়নঃ ওয়ার্ড নং-
উপজেলাঃ জেলাঃ
- (ঙ) বর্তমান ঠিকানা : গ্রামঃ ডাকঘরঃ
ইউনিয়নঃ ওয়ার্ড নং-
উপজেলাঃ জেলাঃ
- (চ) জন্ম তারিখ : বয়সঃ
- (ছ) জাতীয়তা :
- (জ) ধর্ম :
- (ঝ) বৈবাহিক অবস্থা :
- (ঞ) মোবাইল নম্বর :
- (ট) শিক্ষাগতযোগ্যতা :

ক্রঃ নং	পরীক্ষার নাম	পাশের বছর	শাখা/বিভাগ	বিভাগ/জি,পি,এ	বোর্ড/বিশ্ববিদ্যালয়
০১					
০২					
০৩					
০৪					

(ঠ) অভিজ্ঞতা (যদি থাকে) :

অতএব, বিধায় প্রার্থনা অনুগ্রহপূর্বক উপরোক্ত বিষয়গুলো সু-বিবেচনা করিয়া আমাকে উক্ত পদে নিয়োগ করিতে মহোদয়ের মর্জি হয়।

নিবেদক

তারিখ :

(.....)

সংযুক্ত :

১। সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের সত্যায়িত ফটোকপি।

২। জাতীয় পরিচয় পত্র/ জন্ম সনদের সত্যায়িত ফটোকপি।

৩। ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রসিদ ছবি।

৪। চেয়ারম্যান কর্তৃক নারিকত্ব সনদ।